

প্রেস বিজ্ঞপ্তি

পরিবেশ দূষণের দায়ে মুন্সিগঞ্জ জেলার ৩ টি হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টারকে ৪ লক্ষ ৫০ হাজার টাকা এবং গাজীপুরের ১ টি কারখানাকে ১ লক্ষ ২ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করেছে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং।

পরিবেশ দূষণবিরোধী অভিযান, পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ ও পরিবেশ সংরক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে আজ ১৮/০৮/২০২০ তারিখ পরিবেশ অধিদপ্তর, মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর পরিচালক জনাব রুবিনা ফেরদৌসী কর্তৃক শুনানী গ্রহণ করা হয়। শুনানী অস্ত্রে পরিবেশগত ছাড়পত্র গ্রহণ ব্যতীত হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টার স্থাপন ও পরিচালনা করে পরিবেশ ও প্রতিবেশগত ক্ষতিসাধনের অপরাধে (১) নুরজাহান ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টার, শ্রীপুর, মুন্সিগঞ্জকে ২ লক্ষ টাকা; (২) মোল্লা ক্লিনিং এন্ড ডায়াগনস্টিক সেন্টার, মোল্লা প্লাজা, মুন্সিগঞ্জকে ২ লক্ষ টাকা ও (৩) প্রাইম ডিজিটাল ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টার, মানিকপুর, মুন্সিগঞ্জকে ৫০ হাজার টাকা এবং পরিবেশগত ছাড়পত্র নবায়ন গ্রহণ ব্যতীত কারখানা পরিচালনা করার অপরাধে (৪) রাণী ফুড ইন্ডাস্ট্রিজ লিঃ, ভাওয়াল মির্জাপুর, গাজীপুরকে ১ লক্ষ ২ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর শুনানী গ্রহণ কার্যক্রম অব্যাহত থাকবে।

তারিখঃ ১৮/০৮/২০২০ খ্রিঃ।

স্বাক্ষরিত/-

(মোঃ সামসুজ্জামান সরকার)
সহকারী পরিচালক
পক্ষে
পরিচালক (মনিঃ ও এনফোঃ)
পরিবেশ অধিদপ্তর, ঢাকা।